

বিদেশে চাকুরি প্রার্থী মহিলা কর্মীদের সরকারি ডাটাবেজে নাম রেজিস্ট্রেশন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৈদেশিক চাকুরির জন্য আগ্রহী মহিলা কর্মীদের যোগ্যতা অনুযায়ী পছন্দমত বিভিন্ন পেশায় ডিজিটালইজ্জ পদ্ধতিতে সরকারি ডাটাবেজে নাম রেজিস্ট্রেশন করা হবে। অত্র রেজিস্ট্রেশনের জন্য নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে :

- আগ্রহী প্রার্থীদের বাংলাদেশের নাগরিক হতে হবে।
- প্রার্থীদের বয়স সীমা ২৫-৪৫ বছর হতে হবে।
- হাইজকিপার, কেয়ার গিভার, বেবী সিটার, মালী, গার্ড, ক্লিনার, ড্রাইভার, কুক পেশায় আবেদন করা যাবে। তবে কেয়ার গিভার, ড্রাইভার ও বেবী সিটার পদে আগ্রহী প্রার্থীদের কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে।
- গার্মেন্টস পেশায় দক্ষ/আধা দক্ষ/অদক্ষ কর্মী হিসাবে রেজিস্ট্রেশন করা যাবে (তবে এ ক্ষেত্রে বয়স ১৮-৪৫ বছর হতে হবে)।

অন-লাইন রেজিস্ট্রেশন ফরম পূরণের নিয়মাবলী :

ক) স্থানীয় সরকার বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের যৌথ উদ্যোগে স্থাপিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার (পূর্বতন ইউআইএসসি), সিটি কর্পোরেশনের অধীন ওয়ার্ড পর্যায়ে স্থাপিত নগর ডিজিটাল সেন্টার (পূর্বতন সিআইএসসি), পৌরসভার আওতাধীন পৌরসভা ডিজিটাল সেন্টার (পূর্বতন পিআইএসসি) এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ ৪২ জেলায় অবস্থিত জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) তে Teletalk এর মাধ্যমে সরকারী রেজিস্ট্রেশন ফি বাবদ ২০০(দুইশত) টাকা এবং ফরম পূরণে সহায়তা করার জন্য উদ্যোক্তাকে ১০০/- (একশত টাকা) টাকা প্রদান সাপেক্ষে অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে।

খ) বিভাগওয়ারী রেজিস্ট্রেশন শুরুর তারিখ ও সময় (সাপ্তাহিক ছুটির দিন সহ) :

ক্রমিক নং	বিভাগ/সিটি কর্পোরেশন	তারিখ	সময়
১.	ঢাকা	০৫/০৩/২০১৫ হতে ১১/০৩/২০১৫ পর্যন্ত	প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত
২.	রাজশাহী ও রংপুর	১২/০৩/২০১৫ হতে ১৬/০৩/২০১৫ পর্যন্ত	প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত
৩.	চট্টগ্রাম ও সিলেট	১৭/০৩/২০১৫ হতে ২৩/০৩/২০১৫ পর্যন্ত	প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত
৪.	খুলনা ও বরিশাল	২৪/০৩/২০১৫ হতে ২৮/০৩/২০১৫ পর্যন্ত	প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত

রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ

- ১। মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) যদি থাকে/না থাকলে জাতীয় পরিচয়পত্র যদি থাকে/না থাকলে জন্ম নিবন্ধন সনদপত্র অবশ্যই আনতে হবে। জন্ম নিবন্ধনে যে নাম ঠিকানা ব্যবহার করা হয়েছে পরবর্তীতে ছব্ব সেই তথ্যের ভিত্তিতে Machine Readable Passport (MRP) তৈরী করতে হবে।
- ২। শিডিগত যোগ্যতার সনদপত্র (যদি থাকে) ১ সেট ফটোকপি সহ।
- ৩। প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে)।
- ৪। অভিজ্ঞতার সনদপত্র (দেশে/বিদেশে) যদি থাকে।
- ৫। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত Good Conduct Certificate (চারিত্রিক সনদপত্র)।

যেকোন তথ্য জানার জন্য নিম্নবর্ণিত টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারেঃ

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কন্ট্রোল রুমের টেলিফোন নম্বরসমূহে সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত
৮৩২৩০০৪, ৮৩২২৯৪৬, ৮৩১৯৩২২, ৮৩১৭৫১১।

নিবন্ধন সংক্রান্ত যেকোন তথ্য জানার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রামের কলসেন্টারের টেলিফোন নম্বর ০৯৬১২০১৬৩৪৫ এ (সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।